

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী প্রগতি কর্মসূচি
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা
<http://www.pppbd.org>


স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৩৬.২৪.০৬১.১৮-১৫৭৮

তারিখঃ ২২/০৬/২০২২ খ্রিঃ

বিষয়ঃ “পল্লী প্রগতি কর্মসূচি পুনর্গঠন: অতীত ও বর্তমান প্রেক্ষাপট” শীর্ষক কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে জুম-অ্যাপের মাধ্যমে জেলার উপপরিচালকগণদের অংশগ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন পল্লী প্রগতি কর্মসূচির আয়োজনে বিআরডিবি'র সদর কার্যালয়ে কর্মরত উপপরিচালক এবং তদুর্ধ্ব কর্মকর্তাসহ সংশ্লিষ্টদের অংশগ্রহণে “পল্লী প্রগতি কর্মসূচি পুনর্গঠন: অতীত ও বর্তমান প্রেক্ষাপট” শীর্ষক এক দিনের কর্মশালার উদ্বোধন আগামী ২৬/০৬/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ টায়, বিআরডিবি'র সম্মেলন কক্ষ, ঢাকায় অনুষ্ঠিত হবে। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য্য, এমপি প্রধান অতিথি হিসেবে উক্ত কর্মশালার শুভ উদ্বোধন করবেন এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মানিত সচিব জনাব মোঃ মশিউর রহমান, এনডিসি। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন জনাব এস.এম. মাসুদুর রহমান, মহাপরিচালক (ভারপ্রাপ্ত), বিআরডিবি, ঢাকা। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে মাঠ পর্যায়ে জেলার উপপরিচালকগণকে জুম-অ্যাপের মাধ্যমে সংযুক্ত হওয়ার জন্য মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে অনুরোধ করা হলো। **জুম আইডি : 9261680598 , পাসওয়ার্ড : DGBRDB1234**

উদ্বোধনী অনুষ্ঠানটি বিআরডিবি'র ফেইজবুক পেইজ থেকে সরাসরি সম্প্রচার এবং জেলার উপপরিচালকগণকে জুম-অ্যাপের মাধ্যমে সংযুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকাকে অনুরোধ করা হলো।


22/06/2022

মোঃ আলাউদ্দিন সরকার
কর্মসূচি পরিচালক

উপপরিচালক (সকল)

বিআরডিবি, জেলা।

অনুলিপি অবগতি ও কার্যার্থে :

- ১। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। পরিচালক (প্রশাসন/সরেজমিন/অর্থ/পরিকল্পনা/প্রশিক্ষণ) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অফিস কপি।